

ইসলামী বিশ্ববিদ্যালয়  
আজ হইতে শিক্ষকদের  
লাগাতার ধর্মঘট  
ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
পত্রা ॥ আজ মঙ্গলবার হইতে ইস-  
লামী বিশ্ববিদ্যালয়ে বিভাগীয় চেয়ারম-  
্যান পদে 'রোটেশন' (পর্যায়ক্রম)  
পদ্ধতি চালুর দাবীতে শিক্ষকদের  
(১০ম পৃ: ৩-এর ক: দ্র:)

ইসলামী বিশ্ববিদ্যালয়  
(১ম পৃ: পর)  
লাগাতার ধর্মঘট, ক্লাস ও পরীক্ষা  
বর্জনের কর্মসূচী শুরু হইতেছে।  
গতকাল (সোমবার) শিক্ষক সমিতির  
সভাপতি ফয়েজ মো: সিরাজুল হকের  
সভাপতিত্বে অনুষ্ঠিত জরুরী সাধারণ  
সভার সিদ্ধান্তক্রমে এই কর্মসূচী  
ঘোষণা করা হয়। উল্লেখ্য, ১৯৯২  
সাল হইতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষকগণ এই দাবীতে আন্দোলন  
চলাইয়া আসিতেছেন। তাহারা গত  
১৮ই জুলাই হইতে ১৮ আগষ্ট পর্যন্ত  
কর্তৃপক্ষকে দাবী পূরণে সময় বাধিয়া  
দিলেও আজ অবধি কর্তৃপক্ষ  
এব্যাপারে কোন কার্যকরী পদক্ষেপ  
গ্রহণ করে নাই। এব্যাপারে শিক্ষক-  
গণ ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের  
চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্ত-  
ক্ষেপ কামনা করিয়াছেন। উল্লেখ্য,  
১লা সেপ্টেম্বর হইতে বিশ্ববিদ্যালয়ের  
অধিকাংশ বিভাগে পরীক্ষা শুরু  
হওয়ার কথা।  
ক্যাম্পাস উত্তপ্ত  
এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয়  
ক্যাম্পাস উত্তপ্ত হইয়া উঠিয়াছে।  
গতকাল (সোমবার) অনুমত ভবনে  
আয়োজিত ছাত্রলীগ (শা-পা) ও  
ছাত্র দলের সমাবেশ হইতে নেতৃবৃন্দ  
পরস্পরের বিরুদ্ধে বক্তব্য দিতে  
থাকিলে উত্তেজনার স্রষ্টি হয়।  
ছাত্র লীগের বিশ্ববিদ্যালয় শাখার  
সভাপতি শামসুল ইসলাম জোহারি  
সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে নেতৃ-  
বৃন্দ বলেন, বিএনপির এজেন্ট হিসাবে  
নিয়োগপ্রাপ্ত বর্তমান ভিসি স্বজন-  
প্রীতি ও দলীয় করণের মাধ্যমে বিশ্ব-  
বিদ্যালয়কে ছাত্রদলের বাঁটিতে পরি-  
ণত করার হীন চেষ্টা অব্যাহত  
রাখিয়াছেন। ছাত্রদলের সমাবেশে  
নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের বাংলা  
বিভাগের চেয়ারম্যান ও বঙ্গ-  
বন্ধু পরিষদের যুগ্ম আহ্বায়ক ডঃ  
পি এম সফিকুল ইসলামের বিরুদ্ধে  
অভিযোগ আনিয়া বলেন, তিনি গত  
১৭ আগষ্ট ক্যাম্পাসে ছাত্রলীগের  
শোক সভায় জিয়াউর রহমানকে  
'বাংলাদেশের মীরজাফর' বলিয়াছেন।  
কাজেই তাহাকে ক্ষমা চাইতে হইবে।